



শান্তি আলোচনায় পারমাণবিক ইস্যুই অগ্রাধিকার: ট্রাম্প



মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

ইরানের সঙ্গে সম্ভাব্য যুদ্ধবিরতি আলোচনায় পারমাণবিক কর্মসূচিকেই মূল বিষয় হিসেবে দেখছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি জানান, এ নিয়ে আলাদা কোনো বিকল্প পরিকল্পনার প্রয়োজন নেই। ভার্জিনিয়ার শার্লটসভিলের উদ্দেশে রওনা হওয়ার আগে তিনি সাংবাদিকদের এসব কথা বলেন।

এই আলোচনা এক দফায় শেষ হবে নাকি আরও চলবে—সে বিষয়ে নিশ্চিত নন ট্রাম্প। সম্ভাব্য চুক্তি প্রসঙ্গে তিনি স্পষ্ট করেন, তার লক্ষ্য হলো ইরানের হাতে কোনো পারমাণবিক অস্ত্র না থাকা। একই সঙ্গে তিনি দাবি করেন, তার দৃষ্টিতে ইরানে ইতোমধ্যেই রাজনৈতিক পরিবর্তন ঘটেছে।

হরমুজ প্রণালি নিয়ে তিনি বলেন, এটি শিগগিরই খুলে দেওয়া হবে, যদিও যুক্তরাষ্ট্রের জন্য এর প্রয়োজনীয়তা সীমিত। আর এ নৌপথ ব্যবহারকারী জাহাজ থেকে ইরান টোল আদায়ের খবর প্রসঙ্গে ট্রাম্পের মন্তব্য—এমন কিছু হতে দেওয়া হবে না।

LENS ASIA